গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাসাইল, টাঙ্গাইল
www.basail.tangail.gov.bd

স্মারক নম্বর-০৫.৩০.৯৩০৯.০০০.০২.০০৪.২৩-৫৭

তারিখঃ ০২ মাঘ ১৪৩০ / ১৬ জানুয়ারি ২০২৪

বিষয়ঃ বাসাইল উপজেলাধীন ২০ একরের নিম্নে (বদ্ধ) সরকারি জলমহাল ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারার বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ শাখার ০২ নভেম্বর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-১).৬৬২ নম্বর স্মারক মোতাবেক বাসাইল উপজেলার প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলার নিয়ন্ত্রণাধীন ২০ (বিশ) একরের নিম্নে আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত সরকারি জলমহালসমূহ সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক আগামী ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারার লক্ষ্যে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমিতি লিমিটেড এর নিকট থেকে বর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন আহবান করা যাচ্ছে।

নিম্নলিখিত তারিখে ও সময়ে অনলাইনে আবেদন পত্র গ্রহণ/কার্যক্রম গ্রহণ করা হবে।

| ক্রঃ নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/ ২৩ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি এর মধ্যে | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে (jm.lams.gov.bd) ইজারার আবেদন দাখিল |
| ০২ | ০৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে | অনলাইনে (jm.lams.gov.bd) দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি (সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমাপূর্বক চালানের মূলকপি সংযুক্ত করতে হবে) সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাসাইল, টাঙ্গাইলে দাখিল |
| ০৩ | ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/২৯ ফেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্ট কপি যাচাই-বাছাই |
| ০৪ | ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/১০ মার্চ ২০২৪ এর মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ০৫ | ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/২৪ মার্চ ২০২৪ এর মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন |
| ০৬ | ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/৩১ মার্চ ২০২৪ এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ |
| ০৭ | ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/৬ এপ্রিল ২০২৪ এর মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন |
| ০৮ | ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/১৪ এপ্রিল ২০২৪ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দে ইজারাযোগ্য ২০ একরের নিম্নে সরকারি জলমহালের তালিকা:

| ক্রঃনং | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | তফসিল | | | বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | দাগ | জমির পরিমাণ (একরে) | | |
| ১ | বাসাইল সদর | বাসাইল পুকুর | বাসাইল | ৪২০২ | ০.৭৫ | ২০০০/- | ২১০০/- |
| ২ | কাউলজানি | কাউলজানী পুকুর -১ | কাউলজানি | ৫৬৮ | ১.৬০ | ৩০০০/- | ৩১৫০/- |
| ৩ | কাউলজানি | কাউলজানী পুকুর -২ | কাউলজানি | ১৮৪০ | ১.৮২ | ২৫০০০/- | ২৬২৫০/- |
| ৪ | কাউলজানি | বার্থা বিল | বার্থা | ২১৯৯/২৭৮৮ | ৭.৬৮ | ২১০০০/- | ২২০৫০/- |
| ৫ | কাউলজানি | পদ্ম বিল | গিলাবাড়ী | ৬০২ | ৩.৭৫ | ৪৪০০/- | ৪৬২০ |
| ৬ | কাউলজানি | সরাতৈল বিল | গিলাবাড়ী | ৬০২ | ০.৯৬ | ৮০৫/- | ৮৪৬/- |
| ৭ | কাউলজানি | কাউলজানী বিল | কাউলজানি | ২১৩০ | ১২.৫২ | ৩৫০০০/- | ৩৬৭৫০/- |
| ৮ | কাঞ্চনপুর | সৈদামপুর ঢং দহ | সৈদামপুর | ৩৬৮ | ৫.০০ | ৭০৩৪/- | ৭৩৮৬/- |
| ৯ | কাঞ্চনপুর | কাঞ্চনপুর পুকুর | কাঞ্চনপুর | ৩৮৭৭ | ০.৭৪ | ১১৬৬৭/- | ১২২৫১/- |
| ১০ | ফুলকী | ময়থা পুকুর-১ | ময়থা | ১৯৮৪ | ১.৯২ | ১৮৩৪/- | ১৯২৬/- |
| ১১ | ফুলকী | ময়থা পুকুর-২ | ময়থা | ১৮৭৭ | ১.৮৫ | ৯৫০০/- | ৯৯৭৫/- |
| ১২ | ফুলকী | মুড়াকৈর পুকুর | মুড়াকৈ | ১০২ | ০.৭৬ | ২৮৬৭/- | ৩০১১/- |

CS CamScanner

## সরকারি জলমহাল ইজারা গ্রহণের শর্তাবলী :

১। বিজ্ঞপ্তি প্রকাশের নির্ধারিত কর্মদিবস ০৯ মাঘ হইতে ০৩ ফাল্গুন মধ্যে (jm.lams.gov.bd) ওয়েব সাইটে আবেদন করা যাবে।

২। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে ০৭ ফাল্গুন ১৪৩০/২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাসাইল, টাঙ্গাইলে দাখিল করতে হবে।

৩। দাখিলকৃত আবেদন প্রাপ্তীত জলমহালের বার্ষিক সরকারী মূল্য অপেক্ষা কম হলে আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না। অনলাইনে (jm.lams.gov.bd) দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপির সহিত আবেদন ফরমের মূল্যবাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে প্রতিবার আবেদনপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যে কোন তপসিল ব্যাংক হতে) করতে হবে। উক্ত ব্যাংক ড্রাফট/পে- অর্ডার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

৪। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি /সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

৫। অনলাইনে নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৬। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তবে সে সমিতি কোন সরকারী জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

৭। আবেদকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/ সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমানসরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে এবং বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৮। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/ জেলা মৎস্যজীবী সংগঠন/ সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

৯। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে,তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না ।

১০। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

১২। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত ১৫% ভ্যাট ও ১০% আয়কর লীজমানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১৩। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি' ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলি এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় উপজেলা ভূমি অফিস, বাসাইল এর কার্যালয় হতে জানা যাবে।

১৫। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮/০১/২০২৪

(রফিকুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাসাইল, টাঙ্গাইল

CamScanner

স্মারক নম্বর-৩১.৩০.৯৩০৯.০০০.০২.০০৪.২৩- ৫৭/১(২২)

তারিখঃ ০২ মাঘ ১৪৩০ / ১৬ জানুয়ারি ২০২৪

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:(জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য-১৩৭, টাঙ্গাইল-৮
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাসাইল, টাঙ্গাইল
৭। মেয়র, বাসাইল পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল
৮। রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাংগাইল
৯। উপজেলা মৎস্য কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল
১০। উপজেলা কৃষি কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল
১১। অফিসার ইন চার্জ, বাসাইল থানা, বাসাইল, টাঙ্গাইল
১২। উপজেলা সমবায় কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল
১৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল
১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল
১৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল
১৬। উপজেলা ............................কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল
১৭। সহকারী প্রোগ্রামার, বাসাইল, টাঙ্গাইল (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)
১৮। চেয়ারম্যান/সচিব .........................ইউনিয়ন পরিষদ(সকল), বাসাইল, টাঙ্গাইল।
১৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ...............................ইউনিয়ন ভূমি অফিস, বাসাইল, টাঙ্গাইল (তাকে বিজ্ঞপ্তিটি ঢোল সহরত/মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)
২০। সভাপতি/সম্পাদক ..........................বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধসহ)
২১। জনাব ...............................................................
২২। নোটিশ বোর্ড

১৬/০১/২০২৪
উপজেলা নির্বাহী অফিসার
বাসাইল, টাঙ্গাইল।

CamScanner